# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

২৫. বনু মুর্রাহ প্রতিনিধি দল (وفد بنى مُرَّة)

হারেছ বিন ‘আওফের নেতৃত্বে ১৩ সদস্যের বনু মুর্রাহ প্রতিনিধি দল ৯ম হিজরীতে তাবূক থেকে ফেরার পর রাসূল (ছাঃ)-এর দরবারে আগমন করে। তারা এসে বলে, আমরা আপনার কওমের এবং আপনার বংশের। আমরা বনু লুওয়াই বিন গালিব-এর বংশধর। একথা শুনে রাসূল (ছাঃ) মুচকি হাসলেন। অতঃপর তিনি হারেছকে বললেন, তোমার পরিবারকে কোথায় ছেড়ে এসেছ? তিনি বললেন, ‘অস্ত্র ও অস্ত্রধারীদের নিকট’। তোমাদের এলাকাকে কেমন ছেড়ে এসেছ? বললেন, আমরা দুর্ভিক্ষ পীড়িত। মাল-সম্পদের কিছুই নেই। আপনি আমাদের জন্য আল্লাহর নিকট দো‘আ করুন! তখন রাসূল (ছাঃ) দো‘আ করলেন,اللَّهُمَّ اسْقِهِمُ الْغَيْثَ ‘হে আল্লাহ! তুমি এদেরকে বৃষ্টি দ্বারা পরিতৃপ্ত কর’। অতঃপর তারা কয়েকদিন অবস্থান করল। তারপর দেশে ফিরে যাওয়ার জন্য রাসূল (ছাঃ)-এর নিকট বিদায় নিতে এল। তখন তিনি বেলালকে নির্দেশ দিলেন তাদেরকে পুরস্কৃত করার জন্য। বেলাল তাদের প্রত্যেককে ১০ উক্বিয়া (রৌপ্যমুদ্রা) করে এবং নেতা হারেছকে ১২ উক্বিয়া হাদিয়া দিলেন। অতঃপর তারা নিজ এলাকায় ফিরে গিয়ে জিজ্ঞেস করল, কবে বৃষ্টি হয়েছিল? দেখা গেল, সেটা ছিল ঐদিন, যেদিন রাসূল (ছাঃ) তাদের জন্য দো‘আ করেছিলেন। এরপর থেকে তাদের অঞ্চল শস্য-শ্যামল থাকে’।[1]

[শিক্ষণীয় : (১) সর্বদা আত্মীয়তার সম্পর্ককে অগ্রাধিকার দেওয়া উচিত। (২) দুর্ভিক্ষের জন্য আল্লাহর নিকট প্রার্থনা করতে হবে। (৩) মেহমানকে হাদিয়া দেওয়া এবং নেতাকে কিছু বেশী দেওয়া কর্তব্য। (৪) নেককার মুমিনের দো‘আ দ্রুত কবুল হয়।]

## ফুটনোট

[1]. শারহুল মাওয়াহেব ৫/২১৭, ২৫তম প্রতিনিধি দল; যাদুল মা‘আদ ৩/৫৭৭-৭৮। এখানে যাদুল মা‘আদে যু-মুর্রাহ প্রতিনিধি দল (وَفْدُ ذِىْ مُرَّةَ) বলা হয়েছে। সম্ভবতঃ এটি মুদ্রণ জনিত ভুল।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5695

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন